১৫ জুন ২০২৬ ■ ১ আষাঢ় ১৪৩৩ আমার দেশ

North South University Library

# এনএসইউ-বিএসএমএসের উদ্যোগে সিমুলেশন-ডিজিটাল উদ্ভাবন নিয়ে সেমিনার



নর্থ সাউথ ইউনিভার্সিটি (এনএসইউ) এবং বাংলাদেশ সোসাইটি ফর মডেলিং অ্যান্ড সিমুলেশন (বিএসএমএস)-এর যৌথ উদ্যোগে সিমুলেশন বিজ্ঞান ও ডিজিটাল উদ্ভাবন বিষয়ক বিশেষ কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে। গত শুক্রবার এনএসইউ ক্যাম্পাসের অডি-৮০১ মিলনায়তনে দিনব্যাপী এ সেমিনার, পোস্টার উপস্থাপনা, প্রাতিষ্ঠানিক পরিদর্শন এবং আন্তর্জাতিক সহযোগিতা বিষয়ক উচ্চপর্যায়ের মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে দেশের বিভিন্ন শীর্ষস্থানীয় বিশ্ববিদ্যালয়, প্রতিষ্ঠান ও শিল্প খাতের বিশিষ্ট শিক্ষাবিদ, গবেষক, শিল্পসংশ্লিষ্ট পেশাজীবী এবং শিক্ষার্থীরা অংশগ্রহণ করেন। কর্মসূচিতে বিজ্ঞান, প্রকৌশল, স্বাস্থ্যসেবা, শিল্পোন্নয়ন ও ডিজিটাল রূপান্তরসহ সমসাময়িক নানা ক্ষেত্রে বিদ্যমান চ্যালেঞ্জ মোকাবিলায় মডেলিং ও সিমুলেশন প্রযুক্তির ক্রমবর্ধমান গুরুত্ব তুলে ধরা হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন নর্থ সাউথ ইউনিভার্সিটির উপ-উপাচার্য অধ্যাপক নেছার ইউ আহমেদ। বিশেষ অতিথি ছিলেন চীনের বেইহ্যাং বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক এবং এশিয়া সিমুলেশন ফেডারেশনের (এশিয়াসিম) সভাপতি অধ্যাপক ড. লিন ঝ্যাং এবং একই বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ও এশিয়াসিমের মহাসচিব ড. জিংনং ওয়েং।

কর্মসূচির সূচনা হয় 'সিমুলেশন ফর এভরিথিং : দ্য ফিউচার অব ডিজিটাল ইনোভেশন' শীর্ষক সেমিনারের মাধ্যমে। এতে সভাপতিত্ব করেন এনএসইউর স্কুল অব ইঞ্জিনিয়ারিং অ্যান্ড ফিজিক্যাল সায়েন্সেস (এসইপিএস)-এর ডিন অধ্যাপক সাজ্জাদ হোসেন। মূল প্রবন্ধ উপস্থাপন করেন অধ্যাপক ড. লিন ঝ্যাং, অধ্যাপক ড. জিংনং ওয়েং এবং এনএসইউর গণিত ও পদার্থবিজ্ঞান বিভাগের চেয়ারম্যান অধ্যাপক মামুন মোল্লা।

বক্তারা বৈজ্ঞানিক গবেষণা, প্রকৌশল নকশা, চিকিৎসা উদ্ভাবন, উৎপাদনশিল্প, পরিবহনসহ বিভিন্ন ক্ষেত্রে সিমুলেশন প্রযুক্তির ূপান্তরমূলক ভূমিকা তুলে ধরেন। বিভিন্ন উপস্থাপনা ও প্রদর্শনীর মাধ্যমে তারা সিমুলেশন প্রযুক্তির বাস্তব প্রয়োগ এবং বিভিন্ন খাতে ডিজিটাল মডেলিং কীভাবে উদ্ভাবন ও সিদ্ধান্ত গ্রহণের ধারা পরিবর্তন করছে, তা উপস্থাপন করেন।

প্রধান অতিথি অধ্যাপক নেছার আহমেদ বলেন, সিমুলেশনভিত্তিক গবেষণা ও উন্নয়ন কার্যক্রম বিশ্বব্যাপী ক্রমেই গুরুত্ব পাচ্ছে, কারণ এটি ব্যয়-সাশ্রয়ী, কার্যকর এবং বাস্তবায়নের আগেই নতুন ধারণার কার্যকারিতা যাচাই করার সুযোগ সৃষ্টি করে। সংবাদ বিজ্ঞপ্তি